ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০২.০০৮.২৪.৯৩৯

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ ভালুকা, ময়মনসিংহ এর নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্ত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২)" অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সহকারী ক্যাশিয়ারগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

## পদের নামঃ ক্যাশিয়ার

**প্রার্থীর প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা:**

ক) পবিসে সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত হিসেবে নূন্যতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
খ) অবশ্যই কম্পিউটার ও অন্যান্য দাপ্তরিক উপকরণ সমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।
গ) বাংলা প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।
ঘ) সাধারণ জনগনের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।
ঙ) নূন্যতম গ্রহণযোগ্য পারিবারিক আর্থিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ঐতিহ্য থাকতে হবে।
চ) চাকুরীতে যোগদানের সময় ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে যা পরবর্তীতে সাফল্যজনক ও সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তিতে সুদসহ ফেরত প্রদান করা হবে।
ছ) সহকারী ক্যাশিয়ার পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।
জ) পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

**আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) সংশ্লিষ্ট পদে চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা (ময়মনসিংহ জেলার ভালুকা, ত্রিশাল ও গফরগাঁও এবং গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা) এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

**আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, প্রযোজ্য ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-৫১ মোতাবেক বিভাগীয় পরীক্ষাসহ নির্ধারিত অন্যান্য প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদ ও পদোন্নতির সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ **ক্যাশিয়ার পদে আগামী ২৯/০৯/২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময়** প্রার্থীগণকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ ভালুকা,ময়মনসিংহ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**শর্তাবলীঃ**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক থেকে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(অ: পৃ: দ্র:)

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থ্যাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কাল কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবে না।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০২। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক বৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৩। বর্ণিত পদ সমূহের বিপরীতে যে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কাজের সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা এবং "ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২)" অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা পবিস নির্দেশিকা/ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৬। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৭। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিসের কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। ।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

11.09.24

(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)</u>**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------------------------ পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (কারিগরী)/ত্রিশাল/গফরগাঁও/মাওনা/শ্রীপুর/জামিরদিয়া মাষ্টারবাড়ি জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
০৬। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওন্ডএম/ইন্ডসি), ময়মনসিংহ পবিস-২ ।
০৭। এজিএম কাওরাইদ/বাটাজোড় সাব-জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
০৮। এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-২ <u>(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।</u>
০৯। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-২।
১০। অফিস কপি/মাস্টার কপি।

11.09-24

(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার